

(মূল্য সংযোজন কর)

আদেশ

তারিখ, ১৭ই আষাঢ়, ১৪১০বাং/১লা জুলাই, ২০০৩ইং

এস, আর, ও নং ১৯৪-আইন/২০০৩/৩৯০-মূসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ৫ এর উপ-ধারা (৭) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, অত্র বোর্ডের ২৯শে জ্যৈষ্ঠ, ১৪১০ বাংলা মোতাবেক ১২ই জুন, ২০০৩ ইংরেজী তারিখের আদেশ এস, আর, ও নং ১৭৫-আইন/২০০৩/৩৮৩-মূসক নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত আদেশের টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরোনামা সংখ্যা (Heading No.) ২৪.০২ এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) “২৪০২.২০.০০ এর বিপরীতে কলাম (৪) এ বর্ণিত “টাঃ ৩.০০” শব্দ, সংখ্যা ও চিহ্ন এর পরিবর্তে “টাঃ ২.৮৩০২” শব্দ, সংখ্যা ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে।

২। ইহা ২৯শে জ্যৈষ্ঠ, ১৪১০ বাংলা মোতাবেক ১২ই জুন, ২০০৩ ইংরেজী তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ আব্দুল কাফী

প্রথম সচিব

(মূসক : নীতি ও বাজেট)।